

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৭-২১৪

তারিখঃ ০৫/০৪/২০১৭ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ বাবলী সুলতানা বাহার (১৩৪৭৩৬), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাঘাটা, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৫.০২.২০১৭খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৭-৬৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২২.০৩.২০১৭খ্রিঃ তারিখ তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ বাবলী সুলতানা বাহার (১৩৪৭৩৬) পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর স্বাক্ষর জাল করে তার বদলি/পদায়ন আদেশ স্বাস্থ্য অধিদপ্তর বরাবরে অগ্রসর করেন এবং প্রাথমিক তদন্তে তার কর্তৃক জাল স্বাক্ষরের মাধ্যমে বদলি আবেদন অগ্রসর করার বিষয়টি প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করা হয়। এছাড়াও অভিযুক্ত কর্মকর্তা কর্মস্থলে অনুপস্থিত থেকে বিভিন্ন সময়ে বেতন বিলে ভিন্ন ভিন্ন স্বাক্ষরের মাধ্যমে বেতন ভাতা উত্তোলন করেছেন। প্রতীয়মান হয় যে, অসৎ উদ্দেশ্যে সাধনের জন্য তিনি এমনটি করেছেন;

এক্ষেপে, সেহেতু, ডাঃ বাবলী সুলতানা বাহার (১৩৪৭৩৬), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাঘাটা, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।


(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০১৭-২১৪(২)

তারিখঃ ০৫/০৪/২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, গাইবান্ধা।
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সাঘাটা, গাইবান্ধা।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ বাবলী সুলতানা বাহার (১৩৪৭৩৬), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাঘাটা, গাইবান্ধা।


০৬/০৪/২০১৭
(আসমা ভাস্কিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

আদেশ


যেহেতু, ডাঃ মোঃ জাহাংগীর হোসেন (৪২২৫৩), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ (প্রাক্তন প্রভাষক, এনাটমি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা) বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৩.০১.২০১৭খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭০.২০১৬-৩১নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৪.০২.২০১৭খ্রিঃ তারিখ তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ জাহাংগীর হোসেন (৪২২৫৩), ইমার্জেন্সি মেডিকেল অফিসার হিসেবে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জে বদলির আদেশটি পেয়েছিলেন এবং তা বাতিল করার জন্য ২০.০৬.২০১৬ তারিখে আবেদন করেছিলেন। স্বাস্থ্য অধিদপ্তরের ২৩.০৬.২০১৬ তারিখের ডিজিএইচএস/পার-২/জে-২০/৯৭-৮০২৪নং পত্রে তার আবেদন না মঞ্জুরপূর্বক তাকে ০৪(চার) কর্ম দিবসের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলেও তিনি সরকারি আদেশ অমান্যপূর্বক বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজে কর্তৃপক্ষের অগোচরে অযাচিতভাবে কাজ করে গেছেন এবং বেতন-ভাতা গ্রহণ করেন;

এক্ষেণে, সেহেতু, ডাঃ মোঃ জাহাংগীর হোসেন (৪২২৫৩), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ এর বিরুদ্ধে অনীত অভিযোগনামা, জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে তীর ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবী করতে পারবেন না।

তীর ২৭.০৫.২০১৬খ্রিঃ তারিখ হতে ০৮.০২.২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়ে উত্তোলিত বেতন ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।


(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৭-১৮

তারিখঃ ০৮.০৮.২০১৭খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ জাহাংগীর হোসেন (৪২২৫৩), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ।


(আসমা তাসমিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৬.২০১৭-১৮৫

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ পলাশ কুমার বিশ্বাস (১১২২৮৪), জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌগাছা, যশোর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ৩১.০১.২০১৭খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৬.২০১৭-৭৩নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৮.০৩.২০১৭খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দৌলতপুর, কুষ্টিয়াতে কর্মরত থাকাকালীন সময়ে তার স্ত্রী ও মা গুরুত্বর অসুস্থ থাকার কারণে তিনি নিয়মিত অফিসে উপস্থিত হতে পারেননি। যা তিনি স্থানীয় কর্তৃপক্ষকে মৌখিকভাবে অবহিত করেছিলেন। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি যা তার সম্পূর্ণ অনিচ্ছাকৃত অপরাধ তা স্বীকার করছেন ও নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ পলাশ কুমার বিশ্বাস (১১২২৮৪), জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌগাছা, যশোর এর বিরুদ্ধে অনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। এপ্রিল/২০১৬ মাসের ৩,৪,৫,৭,১০,১৭,১৯,২১,২৪,২৬,২৮ ও ২৯ তারিখ মোট-১৩(তের) দিন, ০১.০৫.২০১৬ হতে ০৫.০৫.২০১৬ তারিখ পর্যন্ত মোট-০৫(পাঁচ)দিন, জুন/২০১৬ মাসের ৪,৫,৭,১২,১৪,১৫,১৬, ১৯,২১,২৩,২৬ ও ২৭ তারিখ মোট-১৩(তের) দিন, জুলাই/২০১৬ মাসের ২,৪,৮,৯,১১,১২,১৩,১৪,১৭,১৮, ২০,২১,২৪,২৫,২৭,২৮,৩১ তারিখ মোট-১৬(ষোল) দিন, ০১.০৮.২০১৬ তারিখ হতে ১৮.০৯.২০১৬ তারিখ পর্যন্ত ৪৯(উনপঞ্চাশ)দিন সর্বমোট-৯৬(ছিয়ানব্বই) বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।


(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৬.২০১৭-১৮৫

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, গাইবান্ধা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সাঘাটা, গাইবান্ধা।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ বাবলী সুলতানা বাহার (১৩৪৭৩৬), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাঘাটা, গাইবান্ধা।


(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd